

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৫৫

২৭/ আদব

পরিচ্ছেদঃ শয়নকালে যা বলতে হয়

## আরবী

عَنِ البَراءِ بنِ عَازِب رَضِيَ اللهُ عَنهُمَا قَالَ: كَانَ رَسُوْلُ اللهِ عَلَيْ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ المَامَ عَلَى شِقِّهِ الأَيْمَنِ ثُمَّ قَالَ اللَّهُمَّ أَسْلَمْتُ نَفسِي إلَيْكَ وَوَجَّهْتُ وَجْهِي إلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إلَيْكَ وَأَلْجَأتُ ظَهْرِي إلَيْك رَغْبَةً وَرَهْبَةً إلَيْكَ لاَ مَلْجَأ وَلاَ مَنْجا مِنْكَ إِلاَّ إلَيكَ آمَنْتُ إِكْتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ رواه البخاري بهذا اللفظ في كتاب الأدب من صحيحه

## বাংলা

(৩১৫৫)বারা' ইবনে আযেব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন শয্যাগ্রহণ করতেন, তখন ডান পার্শ্বে শয়ন করতেন এবং এই দু'আ পড়তেনঃ

'আল্লা-হুম্মা আসলামতু নাফসী ইলাইকা অ অজ্জাহতু অজহিয়া ইলাইক, অফাউওয়াযতু আমরী ইলাইক, অ আলজা'তু যাহরী ইলাইক, রাগবাতাঁউ অরাহবাতান্ ইলাইক, লা মালজাআ অলা মানজা মিনকা ইল্লা ইলাইক, আমানতু বিকিতা-বিকাল্লায়ী আন্যালতা অ নাবিয়্যিকাল্লায়ী আরসালত।'

অর্থ: হে আল্লাহ! আমি আমার প্রাণ তোমার প্রতি সমর্পণ করেছি, আমার মুখমণ্ডল তোমার প্রতি ফিরিয়েছি, আমার সকল কর্মের দায়িত্ব তোমাকে সোপর্দ করেছি, আমার পিঠকে তোমার দিকে লাগিয়েছি (তোমার উপরেই সকল ভরসা রেখেছি), এসব কিছু তোমার সওয়াবের আশায় ও তোমার আযাবের ভয়ে করেছি। তোমার নিকট ছাড়া তোমার আযাব থেকে বাঁচতে কোন আশ্রয়স্থল নেই। তুমি যে কিতাব অবতীর্ণ করেছ তার উপর এবং তুমি যে নবী প্রেরণ করেছ তার উপর ঈমান এনেছি।

## ফুটনোট

(বুখারী ৬৩১১, এই শব্দমালায়, আদব অধ্যায়)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন